

ব্যাঘ ও পালিত কুকুর
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

৫১ দু/তিনটি বাক্যে উত্তর দাও :-

৫১৩ “আচ্ছা ভাই, তোমায় কী করিতে হয়।” -- কে, কাকে এই প্রশ্ন করেছিল ?
এই প্রশ্নের আগে সে কী শুনেছিল ?

উ:- * বাঘ কুকুরকে এই প্রশ্ন করেছিল।

** এই প্রশ্নের আগে সে শুনেছিল যে, কুকুরটি যে কাজ করে সেও যদি সেই কাজ করতে পারে তাহলে কুকুরটি যেমন খাবার খেয়ে থাকে তাকেও সেই রকম খাবার দেওয়া হবে।

৫১৭ “বাঘ শুনিয়া চমকিয়া উঠিল,” -- বাঘ কোন্ কথা শুনে চমকে উঠল ? এরপর সে কী জানতে চাইল ?

উ:- * কুকুরকে গলাবন্ধনীর সাথে শিকল দিয়ে দিনেরবেলায় বেঁধে রাখা হয়। একথা শুনে বাঘ চমকে উঠল।

** এরপর সে জানতে চেয়েছিল যে, তুমি যখন তখন যেখানে সেখানে ইচ্ছা করলে যেতে পার না।